



বায়োটেক ফসলের বর্তমান অবস্থা

“ISAAA এর ফসল জৈব প্রযুক্তির বিশ্ব জ্ঞান কেন্দ্র কর্তৃক রচিত
উন্নয়নশীল দেশের কৃষি-জৈব প্রযুক্তি উদ্ভাবনের বিশ্ব পরিস্থিতির সারাংশ”
www.isaaa.org; www.bdbic.org; bdbic@googlegroups.com; info@isaaa.org



আগস্ট ২৮, ২০১৩

শিরোনাম

খবর

- আফ্রিকা** Ü জেনোটাইপিং প্রযুক্তি সম্পর্কে আফ্রিকান বিজ্ঞানীদেরও প্রশিক্ষণ গ্রহণ
- আমেরিকা** Ü CIP জিন ব্যাংকে সহায়তা দিবে GIS প্রযুক্তি
Ü উপকারী জ্যাম্পিং জিনের আবিষ্কার
Ü নিজেদের জন্য প্রয়োজনীয় সার উৎপাদন করতে পারে এমন উদ্ভিদ আবিষ্কার
- এশিয়া ও প্রসান্ত মহাসাগরীয় অঞ্চল** Ü জিএমও বিরোধী প্রচারকের ক্ষমা প্রার্থনা
Ü ভারতের কৃষি মন্ত্রী বলেছেন খাদ্য নিরাপত্তা নিশ্চিত করবে বায়োটেকনোলজি
Ü জিএম বিজ্ঞান ও যোগাযোগের বিষয়ক কর্মশালা
Ü মালয়েশিয়াতে তাপ সহিষ্ণু ধান উদ্ভাবন
- গবেষণা** Ü জিএম ভাত খান পরাগরেনু জনিত এলার্জি থেকে মুক্তি পান

বিস্তারিত

আফ্রিকা

জেনোটাইপিং প্রযুক্তি সম্পর্কে আফ্রিকান বিজ্ঞানীদেরও প্রশিক্ষণ গ্রহণ

কস্য জিনোমিক্স নিয়ে গবেষণা করে এমন বিজ্ঞানীদেরকে প্রশিক্ষণ দেয়ার জন্য ICRISA একটি ওয়ার্কশপের আয়োজন করে। এ ওয়ার্কশপে তানজানিয়া, মালাওয়ি, জিম্বাবুয়ে, দক্ষিণ আফ্রিকা, উগান্ডা, কেনিয়া, ইথিওপিয়া, সুদান, ইরিতেরিয়া, সাইজার এবং জাম্বিয়ার ৩২ জন গবেষক এতে অংশগ্রহণ করেন।

See ICRISAT's news release at <http://www.icrisat.org/newsroom/latest-news/happenings/happenings1585.htm#2>

আমেরিকা

CIP জিন ব্যাংকে সহায়তা দিবে GIS প্রযুক্তি

আলুসহ বিভিন্ন ফসলের জার্মপ্লাজম সংগ্রহ ও সংরক্ষণে এখন থেকে GIS প্রযুক্তি ব্যবহার করবে আন্তর্জাতিক আলু গবেষণা কেন্দ্র (CIP)। এ প্রযুক্তির মাধ্যমে এখন জার্মপ্লাজমের অবস্থান নির্ণয় সহজ হবে। এছাড়াও পরিবেশ বিপর্যয়ের কারণে উক্ত ফসলের ফলনে প্রভাব বিস্তার করে কিনা এ বিষয়েও এই GIS প্রযুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

See CIP's news release at <http://cipotato.org/press-room/blogs/the-secret-to-potato-mapping>

উপকারী জাম্পিং জিনের আবিষ্কার

সম্প্রতি ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের একদল বিজ্ঞানী উদ্ভিদের রোগ প্রতিরোধ ক্ষমতাকে বহুগুনে বৃদ্ধি করতে পারে এমন জাম্পিং জিন (Transposon) আবিষ্কার করেছে। অ্যারবিডপসিস উদ্ভিদে গবেষণা চালিয়ে তারা দেখতে পান COPIA-R7 নামের একটি জাম্পিং জিন উদ্ভিদের রোগ প্রতিরোধী RPP7 জিনের মধ্যে স্থানান্তরিত হতে পারে এবং তখন ছত্রাক জাতীয় জীবানুকে প্রতিরোধ করতে ঐ উদ্ভিদ আরও বেশি সক্রিয় ভূমিকা পালন করে।

The research paper published by the *Proceedings of the National Academy of Sciences* is available at: <http://www.pnas.org/content/early/2013/08/09/1312545110.abstract>.

More details are available from the UCR news release at: <http://ucrtoday.ucr.edu/16990>

নিজের জন্য প্রয়োজনীয় সার উৎপাদন করতে পারে এমন উদ্ভিদ আবিষ্কার

সায়ানোব্যাকটেরিয়া নামক এক ধরনের সবুজ ব্যাকটেরিয়া রয়েছে যারা নাইট্রোজেন সংশ্লেষণ করতে সক্ষম। সম্প্রতি ওয়াশিংটন বিশ্ববিদ্যালয়ের একদল বিজ্ঞানী ঐ ব্যাকটেরিয়াগুলোর নাইট্রোজেন সংশ্লেষণী ক্ষমতাকে উদ্ভিদে জেনেটিক ইঞ্জিনিয়ারিং এর মাধ্যমে স্থান্তরিত করতে সক্ষম হয়েছে। এ গবেষণা শেষ পর্যন্ত ফসল হলে উদ্ভিদের জন্য বিশেষভাবে ইউরিয়া সার প্রয়োগ করার আর প্রয়োজন হবে না।

For more details about this project, read the news release available at: <http://news.wustl.edu/news/Pages/25585.aspx>

এশিয়া ও প্রসান্ত মহাসাগরীয় অঞ্চলে

জিএমও বিরোধী প্রচারকের ক্ষমা প্রার্থনা

ব্রিটিশ বংশোদ্ভূত পরিবেশবাদী এবং সাবেক জিএমও বিরোধী প্রচারনার অন্যতম আয়োজক মার্ক লিনান অবশেষে তার ভুল বুঝতে পেয়েছেন। সম্প্রতি ফিলিপাইন আয়োজিত এক কনফারেন্সে তিনি বলেন পরিবেশের উপর জিএমও এর প্রভাব সম্পর্কিত গবেষণা করতে গিয়ে আমি বুঝতে সক্ষম হয়েছি যে, মূলত বায়োটেকনোলজিই পারে আজকের ক্ষয়িষ্ণু জীববৈচিত্র্যকে রক্ষা করতে। কীটনাশকের মাধ্যমে পরিবেশ দূষণের হাত থেকে পৃথিবীকে রক্ষা করতে বায়োটেক শস্যের ভূমিকা অতুলনীয়। তিনি বিগত সময়ে তার জিএমও বিরোধী প্রচারনার জন্য ক্ষমা প্রার্থনা করেন এবং আজীবন তিনি জিএমও এর পক্ষে প্রচারণা চালাবেন বলে প্রত্যয় ব্যক্ত করেন।

For details of the media conference, contact Jenny Panopio of SEARCA-BIC at jap@agri.searca.org

ভারতের কৃষি মন্ত্রী বলেছেন খাদ্য নিরাপত্তা নিশ্চিত করবে বায়োটেকনোলজি

ভারতের কৃষি মন্ত্রী শারদ পাওয়ার সম্প্রতি খাদ্য নিরাপত্তা বিল সম্পর্কে বলেন কৃষি উৎপাদন বৃদ্ধিতে জিএম শস্যের অনুমোদন দেয়ার এখনই সময়। যে ভারতকে একসময় তুলা আমদানি করতে হতো, শুধু বিটি তুলা চাষ করে আজ বিশ্বে ২য় প্রধান তুলা রপ্তানীকারক দেশ হিসেবে অন্যান্য দেশে তুলা সরবরাহ করে যাচ্ছে। এটা সম্ভব হয়েছে শুধুমাত্র বিটি বা জিএম তুলা চাষের জন্য। দেশীয় বিজ্ঞানীরা বিভিন্ন ফসলকে জেনেটিক্যালি মডিফাইড করতে প্রস্তুত রয়েছেন কিন্তু অনুমোদনের অপেক্ষায় তারা এ বিষয়ক গবেষণা থেকে বিরত থাকছেন। তিনি আহবান জানান যে, দেশীয় খাদ্য নিরাপত্তার কথা চিন্তা করে হলেও জিএম ফসলকে অনুমোদন দেয়া হয়।

For the full interview visit <http://www.indianexpress.com/news/boost-gm-crops-to-meet-food-security-demand-sharad-pawar/1160098/0>

জিএম বিজ্ঞান ও যোগাযোগের বিষয়ক কর্মশালা

সম্প্রতি চীনে দেশের বিশিষ্ট শিক্ষাবিদ, বিজ্ঞানী, সাংবাদিক এবং বিজ্ঞান বিষয়ক লেখকদের নিয়ে আয়োজিত এক কর্মশালায় জিএম বিজ্ঞান ও যোগাযোগের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। ISAAA এর তত্ত্বাবধানে অনুষ্ঠিত এ কর্মশালায় জিএম খাদ্যের অনুমোদন, এর উপকারী দিক এবং জিএম খাদ্য বিষয়ক সচেতনতা বৃদ্ধিতে জিএম বিজ্ঞান ও যোগাযোগ কিভাবে ভূমিকা পালন করতে পারে এ বিষয়ে দিনব্যাপী আলোচনা হয়।

For more information about biotechnology in China, contact Prof. Zhang Hongxiang at zhanghx@mail.las.ac.cn

মালোয়েশিয়াতে তাপ সহিষ্ণু ধান উদ্ভাবন

সম্প্রতি মালোয়েশিয়ান কৃষি গবেষণা ও উন্নয়ন প্রতিষ্ঠান (MARDI) এর একদল বিজ্ঞানী *MRIA I* নামে এক ধরনের তাপ সহিষ্ণু ধানের জাত উদ্ভাবন করেছেন। এমন ধান চাষ করতে পানির প্রয়োজন যেমন কম তেমনি যেকোন মৌসুমে এ ধান চাষ করা সম্ভব হবে। এ প্রজাতিটির ফসল ৯০ দিনের মধ্যেই সংগ্রহ করা যায়। তুলনামূলক অধিক রোগ সহনশীল এ জাতটি উদ্ভাবনের মাধ্যমে দেশটির খাদ্য ঘাটতি কমে যাবে বলে মনে করেন সংশ্লিষ্টরা।

View MARDI's news release in Bahasa at <http://www.mardi.gov.my/documents/10138/daf551e7-ef3d-41cb-800a-cde088e32be6>

গবেষণা

জিএম ভাত খান পরাগরেনু জনিত এলার্জি থেকে মুক্তি পান

পরাগরেনু জনিত এলার্জিতে মানুষের আর কষ্ট সহ্য করতে হবে না, দিতে হবে না শত শত হাঁচি। সম্প্রতি একদল বিজ্ঞানী এ ধরনের এলার্জির জন্য দায়ী CryJ 1 এবং CryJ 2 জিনগুলোকে অ্যারবিডপসিস এর মাধ্যমে ধানের জিনোমে স্থানান্তর করতে সক্ষম হয়েছে। তাই এখন ঐ ধানের ভাত খেলে আর মানুষের এ সমস্যায় পড়তে হবে না। এমন ভাত ইন্ডিভাল ভ্যাক্সিন এর মতো কাজ করবে বলে জানিয়েছেন বিজ্ঞানীরা।

Read the research article at <http://intl-dnaresearch.oxfordjournals.org/content/early/2013/08/15/dnares.dst036.full>

ISAAA (International Service for the Acquisition of Agri-biotech Applications)

BanglaCentre, Dept. of Biotechnology, Bangladesh Agril Univ, Mymensingh • Ph +88091 55695-7 Ext. 2650 • Fax: 88 091 55810 • k.nasiruddin@isaaa.org
SEAsiaCenter, c/o IRRI, DAPOBox 7777, Metro Manila, Philippines • Ph +63-2-580-5600 • Fax 580-5600 • Telfax 49-536-7216 • R.Hautea@isaaa.org
AmeriCenter, 417 Bradfield Hall, Cornell University, Ithaca, NY 14853, USA • Phone +1-607-255 1724 • Fax 255 1215 • Americenter@isaaa.org
AfriCenter, CIP/ILRI, PO Box 25171, Nairobi, Kenya • Phone +254-20-630 743 ext. 3261 • Fax 630-005/631-599 • S.Wakhusama@cgiar.org

www.bdbic.org: বাংলাদেশ বায়োটেকনোলজি তথা কৃষি কল্যাণ সঙ্কলন ব্যবহারের জন্য অন্তর্গত

www.isaaa.org: ISAAA সম্পর্কে সকল তথ্য। Crop Biotech Update: বায়োটেক কল্যাণের বিশ্ব পরিদর্শিত অঙ্গন

www.agbios.com: কৃষি বায়োটেকনোলজির অঙ্গন

bdbic@googlegroups.com: বাংলাদেশ বায়োটেকনোলজি তথা কৃষি কল্যাণ সঙ্কলন ব্যবহারের জন্য গ্রুপ মেইল

info@isaaa.org: ISAAA এর যেকোন তথ্য বা প্রকাশনার জন্য